দৈনিক ইত্তেফাক

তারিখ 24 DEC 1993
পৃষ্ঠা ... ৮২ ... কলাম ... ৭ ...

## ভুয়া মার্কশীটে ভর্তি ঃ খুলনায় ৩১ জন ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে মামলা

খুলনা অফিস ।। ভুয়া এসএসসি পরীক্ষার মার্কশীট দাখিল করিয়া সুন্দরবন আদর্শ মহাবিদ্যালয়ে ভর্তি হওয়ার দায়ে গতকাল বৃহস্পতিবার ৩১ জন ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে খুলনা থানায় মামলা দায়ের করা হইয়াছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গিয়াছে, ১৯৯১-৯২ শিক্ষাবর্ষে ভুয়া মার্কশীট দ্বারা তাহারা কলেজে ভর্তি হইয়াছিল। কিন্তু পরবর্তীতে যশোর শিক্ষাবোর্ড কর্তৃক তদন্তে ভুয়া প্রমাণিত হওয়ায় গতকাল কলেজের অধ্যক্ষ খুলনা থানায় মামলা দায়ের করেন।